



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজ্ঞপ্তি নং-১৮/২০১৯

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪২৬
১৫ মে, ২০১৯

নিয়োগ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন অফিসের চিকিৎসাকেন্দ্র (ডিস্পেনসারি)-এর জন্য 'ফার্মাসিস্ট' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

- ০১। বেতন স্কেল : জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১২৫০০-১৩১৩০-১৩৭৯০-১৪৪৮০-১৫২১০-১৫৯৮০-১৬৭৮০-১৭৬২০-১৮৫১০-১৯৪৪০-২০৪২০-২১৪৫০-২২৫৩০-২৩৬৬০-২৪৮৫০-২৬১০০-২৭৪১০-২৮৭৯০-৩০২৩০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।
- ০২। শিক্ষাগত যোগ্যতা : ক) এস.এস.সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
খ) ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ-এর রেজিস্ট্রেশনসহ ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফার্মেসী।
গ) বর্ণিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।
- ০৩। পদ সংখ্যা : ১১(এগার)টি (কম/বেশি হতে পারে)।
- ০৪। বয়সঃ (১৫/০৫/২০১৯ তারিখে) : ক) সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
- ০৫। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৬/০৬/২০১৯ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ০৬। O' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।
- ০৭। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৮। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ০৯। Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।
- ১০। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ১১। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ১০নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১২। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১৩। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।
- ১৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- ১৬। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।
- ১৭। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(নূর-উন-নাহার)
মহাব্যবস্থাপক